# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০৪

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ২৯. বৃষ্টির পানি দ্বারা উৎপন্ন এবং (কৃত্রিম) সেচের দ্বারা উৎপাদিত ফসলের উশর (যাকাত) আদায়:

بَاب الْعُشْرِ فِيمَا سَقَتْ السَّمَاءُ وَمَا سُقِيَ بِالنَّضْحِ

## আরবী

أَخْبَرَنَا عَاصِمُ بْنُ يُوسُفَ حَدَّثَنَا أَبُو بَكْرٍ عَنْ عَاصِمٍ عَنْ أَبِي وَائِلٍ عَنْ مَسْرُوقٍ عَنْ مُعَاذٍ قَالَ بَعَثَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِلَى الْيَمَنِ فَأَمَرَنِي أَنْ آخُذَ مِنْ الثِّمَارِ مَا سُقِيَ بَعْلًا الْعُشْرَ وَمَا سُقِيَ بِالسَّانِيَةِ فَنِصْفَ الْعُشْرِ

## বাংলা

১৭০৪. মুয়ায রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, যখন রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়া সাল্লাম আমাকে ইয়ামান অভিমুখে পাঠান, তখন তিনি আমাকে নির্দেশ দেন যে, আমি যেন বৃষ্টি দ্বারা সিঞ্চিত জমি হতে এক দশমাংশ এবং সেচ ব্যবস্থার মাধ্যমে সিঞ্চিত জমি হতে ফসলের অর্ধ-উশর (যাকাত হিসেবে) গ্রহণ করি।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ হাসান।

তাখরীজ: নাসাঈ, যাকাত ৫/৪২; ইবনু মাজাহ যাকাত ১৮১৮;

আর এর শাহিদ বর্ণিত হয়েছে জাবির রা: হতে সহীহ বুখারী ও মুসলিমের সম্মিলিত বর্ণনায়- বুখারী, যাকাত ১৪৮৩ ও মুসলিম, যাকাত ৯৮১ তে। আর মুয়ায রা: এর হাদীস দেখুন, বিগত ১৬৬৩, ১৬৬৪ নং এ।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=81987

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন